তারিখ 29 MAY 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৫

যুগান্তর

# নারায়ণগঞ্জে ক্লাস চলাকালে কোচিং সেন্টার বন্ধের নির্দেশ

ফতুল্লা প্রতিনিধি

নারায়ণগঞ্জে স্কুল কলেজের ক্লাস চলাকালীন সময়ে কোচিং সেন্টারের কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছেন জেলা প্রশাসক আনিছুর রহমান মিঞা। এ বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য জেলা শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ারও নির্দেশ দিয়েছেন তিনি। বৃহস্পতিবার সকালে ফতুল্লার চাঁনমারীতে অবস্থিত নারায়ণগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে মাল্টিমিডিয়া ক্লাসরুমের ৩য় বর্ষপূর্তি উপলক্ষে জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ নির্দেশনা দেন। কর্মশালায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্যপ্রযুক্তি) শাহীন আরা বেগমের সভাপতিত্বে উপস্থিত ছিলেন মর্গ্যান স্কুল অ্যান্ড কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি ও মহানগর আওয়ামী লীগের সভাপতি আনোয়ার হোসেন, অধ্যক্ষ প্রফেসর ড. শিরীন বেগম প্রমুখ।